



গুম মামলায় ১৫ সেনা কর্মকর্তা ট্রাইব্যুনালে হাজির



সংগৃহীত ছবি

আওয়ামী লীগ সরকারের সময় টিএফআই-জেআইসি সেলের মাধ্যমে সংঘটিত গুম ও হত্যার অভিযোগে দায়ের করা মানবতাবিরোধী অপরাধের দুই মামলায় হেফাজতে থাকা ১৫ সেনা কর্মকর্তাকে আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালে হাজির করা হয়েছে।

বুধবার ট্রাইব্যুনাল-১-এর চেয়ারম্যান বিচারপতি মো. গোলাম মর্তুজা মজুমদারের নেতৃত্বে গঠিত তিন সদস্যের বিচারিক প্যানেল এই কর্মকর্তাদের বিরুদ্ধে আনুষ্ঠানিক অভিযোগ শুনানি শুরু করেন।

দুই মামলায় শেখ হাসিনাসহ মোট ৩০ জনকে আসামি করা হয়েছে—একটিতে ১৭ জন ও অন্যটিতে ১৩ জন। উভয় মামলাতেই শেখ হাসিনার নাম রয়েছে বলে জানা গেছে।

হেফাজতে থাকা ২৩ সেনা কর্মকর্তার মধ্যে ১৫ জনকে আজ আদালতে আনা হয়। এ ঘটনায় রাজধানীর বিভিন্ন এলাকায় নিরাপত্তা জোরদার করা হয়েছে।

ভোর থেকেই হাইকোর্টের মাজারগেট, মৎস্য ভবন, কাকরাইলসহ ট্রাইব্যুনাল সংলগ্ন এলাকায় সেনাবাহিনী, বিজিবি, র্যাব ও পুলিশের সদস্যদের টহল ও সতর্ক অবস্থানে থাকতে দেখা গেছে।